**জয়পুরহাট জেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের কার্যক্রম পর্যালোচনা/সমন্বয় সংক্রান্ত জুন, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৯/০৬/২০১৯ খ্রিঃ, সময়ঃ বেলা ১২.৫০ ঘটিকা

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' দ্রষ্টব্য**

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের বিগত মাসের কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা পর্যায়ে সভাপতি বলেন, সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালনের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নিয়মিতভাবে মোবাইল কোর্ট, টাস্কফোর্স এবং বিশেষ অভিযান পরিচালনা করতে হবে। প্রতিটি মোবাইল কোর্ট পরিচালনা শেষে শতভাগ মামলা ই-মোবাইল কোর্ট সিস্টেম-এ নিষ্পত্তি করতে হবে। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে দক্ষতার সাথে আদালত পরিচালনা করতে হবে। বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, যৌন হয়রানী প্রতিরোধ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, খাদ্যে ভেজাল প্রতিরোধসহ জনগুরুত্বপূর্ণ বিষয়ে জিরো টলারেন্স নিয়ে মোবাইল কোর্ট আইন-২০০৯ এর বিধান অনুসারে কার্যকর ও জনবান্ধব মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। এছাড়া সভায় খাদ্যদ্রব্য/ফলমূল/ঔষধসহ সকল প্রকার পণ্যের বাজার মনিটরিংসহ ভেজাল/ক্ষতিকর রং মিশ্রণ প্রতিরোধের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করে বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট 'ক','খ' ও 'গ' অঞ্চল আদালতের মামলা এবং গণ কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের মে/১৯ মাসের তথ্যাদি পর্যালোচনা করা হয়:

**বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা সংক্রান্ত**

| ক্রঃ নং | কোর্টের নাম ও এলাকা | পূর্ববর্তী মাসের মামলার জের | | বিবেচ্যমাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলা | বিবেচ্যমাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার সংখ্যা | প্রমাপ (%) | অর্জন (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | বিজ্ঞ অতিঃ জেলা ম্যাজিঃ আদালত জয়পুরহাট | আপিল | ৭১ | ০৮ | ৭৯ | ১২ | ৬৭ | ১০% | ১৬.৯০% | |
| | | ফৌঃকাঃবিঃ | ১৪০ | ২৩ | ১৬৩ | ২৪ | ১৩৯ | ১০% | ১৭.১৪% | |

**বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা সংক্রান্ত ('ক', 'খ' ও 'গ' অঞ্চল)**

| ক্রঃ নং | কোর্টের নাম ও এলাকা | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পন্ন মামলার সংখ্যা | প্রমাপ (%) | অর্জন (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২ | বিজ্ঞ ক অঞ্চল আদালত | ২৩ | ১১ | ৩৪ | ০৭ | ২৭ | ১২% | ৩০.৪৩% | |
| ৩ | বিজ্ঞ খ অঞ্চল আদালত | ৩২ | ১২ | ৪৪ | ১৯ | ২৫ | ১২% | ৫৯.৩৮% | |
| ৪ | বিজ্ঞ গ অঞ্চল আদালত | ৩৩ | ০৯ | ৪২ | ১১ | ৩১ | ১২% | ৩৩.৩৩% | |
| | মোট | ৮৮ | ৩২ | ১২০ | ৩৭ | ৮৩ | ১২% | ৪২.০৫% | |

তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, সকল আদালতে মামলা নিষ্পত্তির ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত প্রমাপ অর্জিত হয়েছে।

**মোবাইল কোর্ট সংক্রান্ত (মে, ২০১৯) জেলার নির্ধারিত প্রমাপ- ৩০ টি**

| ক্রঃ নং | বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট | আলোচ্য মাসেভ্রাম্যমান আদালত পরিচালনার সংখ্যা | মামলার সংখ্যা | দণ্ডিত ব্যক্তি | দন্ড: অর্থ দন্ড | দন্ড: কারাদন্ড |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর | ০২ | ০৪ টি | ০৬ জন | ০৬ জন ৭৫,০০০/- | - |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি | ০৫ | ১০ টি | ১০ জন | ০৯ জন ৫০,১০০/- | ০১ জন |
| ৩ | উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর | ০৩ | ১৪ টি | ১৪ জন | ১৪ জন ৩১,৫০০/- | - |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার, কালাই | ০৩ | ০৬ টি | ০৭ জন | ০৭ জন ১১,৮০০/- | - |
| ৫ | উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল | ০৮ | ১৭টি | ১৭ জন | ১৭ জন ১৭,৬০০/- | - |
| ৬ | জনাব নয়ন কুমার রাজবংশী, সহকারী কমিশনার | ০২ | ০৫ টি | ০৫ জন | ০৫ জন ৬,৫০০/- | - |
| ৭ | জনাব মোঃ শাহরিয়ার হক, সহকারী কমিশনার | ০২ | ০৪ টি | ০৪ জন | ০৪ জন ৫,০০০/- | - |
| ৮ | জনাব মোঃ আব্দুল হাই সিদ্দিকী,সহকারী কমিশনার | ১০ | ২০ টি | ২০ জন | ১৯ জন ৩৭,৩০০/- | ০১ জন |
| ৯ | জনাব সোমাইয়া আক্তার, সহকারী কমিশনার | ১২ | ২৩ টি | ২৩ জন | ২২ জন ৩৪,১০০/- | ০১ জন |
| | **মোট** | **৪৭ টি** | **১০৩ টি** | **১০৬ জন** | **১০৩ জন ২,৬৮,৮০০/-** | **০৩ জন** |

আলোচ্য মাসে ৪৭টি মোবাইল কোর্ট পরিচালনা করে ১০৩টি মামলায় ১০৩ জনকে ২,৬৮,৮০০/- টাকা অর্থদন্ড এবং ০৩ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়। আলোচ্য মাসে যে সকল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট পরিচালনা করেছেন তাঁদেরকে ধন্যবাদ জানানো হয় এবং মোবাইল কোর্ট পরিচালনার এ ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে মোবাইল কোর্ট ও টাস্কফোর্স পরিচালনার জন্য স্থানীয়ভাবে যে প্রমাপ নির্ধারণ করে দেয়া হয়েছে তা অর্জনের প্রতি গুরুত্ব আরোপ করা হয়। সে সাথে শতভাগ মামলা ই-মোবাইল কোর্ট সিস্টেম-এ নিষ্পত্তির জন্য অনুরোধ জানানো হয়।

**<u>আইন ভিত্তিক মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত মে, ২০১৯ মাসের বিবরণী :</u>**

| যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে | মোবাইল কোর্টের সংখ্যা | মামলার সংখ্যা | দণ্ডিত ব্যক্তির সংখ্যা | দণ্ড | |
|---|---|---|---|---|---|
| | | | | অর্থদন্ড | কারাদন্ড |
| ১ | ৩ | ৫ | ৬ | ৭ | ৮ |
| মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ | ০২ টি | ০২ টি | ০২ জন | ১০০/- | ১ জন ২০দিন ১ জন ২৫ দিন বিনাশ্রম |
| ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ | ২৯ টি | ৬৮ টি | ৬৮ জন | ৬৮ জন ১,৩৭,৫০০/- | - |
| মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ | ০২ টি | ০৪ টি | ০৪ জন | ০৪ জন ৩,৩০০/- | - |
| দণ্ডবিধি ২৭২ ধারা | ০২ টি | ১২ টি | ১২ জন | ১২ জন ২৯,৫০০/- | - |
| দণ্ডবিধি ২৭৩ ধারা | ০১ টি | ০২ টি | ০২ জন | ০২ জন ২,০০০/- | - |
| দণ্ডবিধি ২৯৪ ধারা | ০১ টি | ০২ টি | ০২ জন | ০২ জন ১,০০০/- | - |
| দণ্ডবিধি ৩৫৬ ধারা | ০১ টি | ০১ টি | ০১ জন | - | ০১ মাস বিনাশ্রম |
| বঙ্গীয় প্রকাশ্য জুয়া আইন, ১৮৬৭ | ০১ টি | ০১ টি | ০২ জন | ০২ জন ২০০/- | - |
| ঔষধ আইন, ১৯৪০ | ০২ টি | ০২ টি | ০২ জন | ০২ জন ৩,২০০/- | - |
| মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন-২০১০ | ০২ টি | ০২ টি | ০২ জন | ০২ জন ৬,৫০০/- | - |
| বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ | ০১ টি | ০২ টি | ০২ জন | ০২ জন ৮,০০০/- | - |
| দি স্ট্যান্ডার্ড অব ওয়েজ মেজার্স অর্ডিন্যান্স ১৯৮২ | ০১ টি | ০৩ টি | ০৩ জন | ০৩ জন ২,৫০০/- | - |
| বণ্য প্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন, ২০১২ | ০১ টি | ০১ টি | ০১ জন | ০১ জন ৫,০০০/- | - |
| বালু মহল ও মাটি ব্যবস্থাপনা আইন-২০১০ | ০১ টি | ০১ টি | ০৩ জন | ০৩ জন ৭০,০০০/- | - |
| **মোট-** | **৪৭ টি** | **১০৩ টি** | **১০৬ জন** | **১০৩ জনের ২,৬৮,৮০০/-** | **০৩ জনের বিনাশ্রম** |

সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | বিভিন্ন আইনে মোবাইল কোর্ট পরিচালনা | ক) খাদ্যদ্রব্য/ফলমূল/ঔষধসহ সকল প্রকার পণ্যে ভেজাল/ক্ষতিকর রং মিশ্রণ রোধে এবং জেলার আইন-শৃঙ্খলা ও অপরাধ প্রবণতা নিয়ন্ত্রণে রাখতে আইন/ধারা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রযোজ্য সকল আইনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে স্থানীয়ভাবে নির্ধারিত মাসিক প্রমাপ অর্জন করে মোবাইল কোর্ট ও টাস্কফোর্স পরিচালনা অব্যাহত হবে।<br>গ) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট, টাস্কফোর্সসহ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের সার্বিক কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন। | ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>২)উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল) |
| ২ | ই-মোবাইল কোর্ট সিস্টেম-এ মামলা নিষ্পত্তি | মোবাইল কোর্ট পরিচালনা করে শতভাগ মামলা ই-মোবাইল কোর্ট সিস্টেম-এ নিষ্পত্তি করতে হবে। | ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট<br>২) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |
| ৩ | চোরাচালান প্রতিরোধে টাস্কফোর্স পরিচালনা | ফলপ্রসু টাস্কফোর্স অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |
| ৪ | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে মোবাইল কোর্টের অধীন দায়েরকৃত আপিল মামলাসহ ফৌঃ কাঃ বিধির আওতায় দায়েরকৃত মামলা পরিচালনা | ক) নির্ধারিত প্রমাপ অর্জন হলেও নিয়মিতভাবে আদালত পরিচালনা করে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।<br>খ) একজন করে শিক্ষানবিশ ম্যাজিস্ট্রেটকে সঙ্গে নিয়ে আদালত পরিচালনা করে তাঁদের দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট |
| ৫ | বিজ্ঞ 'ক', 'খ' ও 'গ'-অঞ্চল এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা পরিচালনা | নির্ধারিত প্রমাপ অর্জন হলেও নিয়মিতভাবে আদালত পরিচালনা করে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | ১)বিজ্ঞ অতি. জেলা ম্যাজিস্ট্রেট<br>২) বিজ্ঞ 'ক','খ' ও 'গ' অঞ্চল এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০০৭.১৯- ৮৭৯ তারিখ: ০৪/০৭/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতির নিমিত্ত :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

অনুলিপি অবগতি ও কার্যার্থে :

৪। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
৫। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/ক্ষেতলাল/কালাই/আক্কেলপুর
৬। সহকারী কমিশনার (ভূমি),জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/আক্কেলপুর
৭। জনাব........................................................., বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট

০৪/০৭/১৯
(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৫২
ফ্যাক্স: (+৮৮)০৫৭১-৬২৫৪৬

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট -''ক''(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
২। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর
৩। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর
৪। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল
৫। সহকারী কমিশনার (ভূমি), জয়পুরহাট সদর
৬। জনাব নয়ন কুমার রাজবংশী, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
৭। জনাব সোমাইয়া আক্তার, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট